118

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG 22 1999 ... ...
... ৮ কলাম ৮

## রাজনৈতিক শিক্ষকের অভাব

আমাদের দেশে হাজারো অভাবের সঙ্গে নতুন আরেকটি অভাব যুক্ত হয়েছে। আমরা যারা আগামী প্রজন্ম হিসাবে রাষ্ট্রের বিভিন্ন কর্ণধার হওয়ার স্বপ্ন দেখি তাদের মধ্যে রাজনীতি একটি বিষয়, যে বিষয়টি সম্পর্কে আমাদের অনেক শিক্ষার প্রয়োজন। আর সেই শিক্ষা অনেকটা পেয়ে থাকি বিভিন্ন নেতানেত্রীর রাজনৈতিক ধারা থেকে। কিন্তু আমরা হতাশ এই কি রাজনৈতিক শিক্ষার ধারা। নেতানেত্রীদের মধ্যে নেই কোন ঐক্য, সহনশীলতা, দেশপ্রেম, সততা। একে অপরের প্রতি নেই কোন শ্রদ্ধাবোধ। কেবলই আছে হিংসা ক্রোধ মিথ্যার বেসাতি দুর্নীতি, প্রতিশোধ নেয়ার প্রবল বাসনা, ক্ষমতা আরোহণের প্রবল লোভ এবং আছে কেবলই নিজের এবং দলের জন্যে নিজেকে সর্বদা ব্যস্ত রাখা, যেখানে দেশের তথা জনগণের উন্নতির চেষ্টা নগণ্য, পৃথিবীর ইতিহাসের পাতার জঘন্যতম নারকীয় হত্যাযজ্ঞগুলোর মধ্যে অন্যতম ১৯৭৫ সালের ১৫ আগস্টের জাতির জনক ও তাঁর পরিবারের নারকীয় হত্যাযজ্ঞ। যা পৃথিবীর ইতিহাসকে কলঙ্কিত করেছে। আর সেই রকম আরেকটি হত্যাযজ্ঞ সংঘটন করার জন্যে যারা প্রকাশ্যে হুমকি দেয়, আর যাই হোক তারা মর্যাদাশীল রাজনৈতিক শিক্ষক হতে পারে না। আর তাই আগামী প্রজন্মের একজন হয়ে বর্তমান রাজনীতিকদের নিকট বিনীত আবেদন, আগামীতে একটি সমৃদ্ধ জাতি গঠনের লক্ষ্যে সমৃদ্ধ প্রজন্ম তৈরিতে সাহায্য করুন। অন্যথায় দেশ সমৃদ্ধশালী হবে না। চিরদিন দরিদ্র দেশ হিসাবে পৃথিবীতে মাথা নত করে স্বাধীনতা বিসর্জন দিয়ে বেঁচে থাকবে।

মোঃ রকিব উল্লাহ্
৩২৭/৩, দঃ যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪